

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং: ৩৮,০১,০০০,৩০০,০০,১৪৮,২০২০,৬৮৬

তারিখ: ১৩ পৌষ, ১৪২৭।
২৮ ডিসেম্বর, ২০২০।

বিষয়: ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের বই বিতরণের নিয়মাবলী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছরগুলোর ন্যায় এ বছরও ০১ জানুয়ারি, ২০২১ তারিখে প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর শতভাগ শিক্ষার্থীর মাঝে নতুন বই তুলে দেয়ার কর্ম'সূচি হাতে নেয়া হয়েছে। কোভিড-১৯ এর কারণে করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে উক্ত কর্ম'সূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত বই বিতরণের সময় নিম্নোক্ত নিয়মাবলী প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো:

- (১) শিক্ষার্থীর সংখ্যার উপর ভিত্তি করে প্রত্যেক বিদ্যালয় বই বিতরণের কর্ম'পরিকল্পনা তৈরি করবে। সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে ০১ জানুয়ারি ২০২১ তারিখ হতে বই বিতরণের ব্যবস্থা করতে হবে;
- (২) প্রতিটি বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি এবং ১ম-৫ম শ্রেণির শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে বই বিতরণ করতে হবে।
অর্থাৎ কোন বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যার উপর নিভ'র করে স্থানীয়ভাবে স্কুল ভিত্তিক পরিকল্পনা করে এমন ভাবে বই বিতরণ করতে হবে যাতে কোন জটিল তৈরি না হয় এবং স্বাস্থ্যবিধি মানা নিশ্চিত হয়;
- (৩) বই বিতরণের সময় সামাজিক দূরত্ব বজায় রাখাসহ সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
- (৪) কোভিড-১৯ মোকাবেলা সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলতে হবে;
- (৫) No Mask, No Service নীতি অনুসরণ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক সকলকেই Mask পরিহিত অবস্থায় বিদ্যালয়ে আসতে হবে;
- (৬) বিদ্যালয়ের প্রবেশের মুখে হাত জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে (যেমন: সাবান, তরল সাবান পানি ইত্যাদি);
- (৭) শ্রেণিভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীর বইয়ের সেট পৃথকভাবে বেঁধে প্রস্তুত রাখতে হবে। যাতে বই বিতরণের সময় কোন শিক্ষার্থী/অভিভাবককে দীর্ঘ সময় অপেক্ষা করতে না হয়;
- (৮) সকল শিক্ষককে বই বিতরণের দায়িত্ব ভাগ করে দিতে হবে। বই বিতরণের ক্ষেত্রে শ্রেণি ভিত্তিক একাধিক বুথ তৈরি করে প্রতিটি বুথে একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থী/অভিভাবকের পরিচয় নিশ্চিত হয়ে স্বাস্থ্য বিধি অনুসরণ করে বই বিতরণ নিশ্চিত করবে।

১

ডকেট নং: ১৬৮১ ডাক্তারী
তারিখ: ২৭/১২/২০২০

সংস্থার নাম:	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/
অফিসের নাম:	জনপ্রশাসন মন্ত্রণালয়/
তারিখ:	২৭/১২/২০২০
নথিত করেন:	শিক্ষক, শিক্ষার্থী/অভিভাবক

শিক্ষক, শিক্ষার্থী/অভিভাবক
জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ

২৭/১২/২০২০

(৯) সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী থানা/উপজেলা শিক্ষা অফিসার প্রত্যেক বিদ্যালয়ে বিশেষ করে অধিক শিক্ষার্থী সমৃদ্ধ বিদ্যালয়ে বই বিতরণের সূচী প্রস্তুতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন এবং বই বিতরণ মনিটরিং করে প্রতিবেদন নিন্দন।

(১০) ইন্ট্রার অ ও ইন্ট্রার বিদ্যালয়ের বই বিতরণ কার্যক্রম কর্মপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন নিশ্চিত করত: সহকারী উপজেলা থানা শিক্ষা অফিসারগণ স্ব স্ব উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত রাখবেন;

(১১) উপজেলা থানা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিভাগীয় উপপরিচালকগণ স্ব স্ব দণ্ডের আওতাধীন প্রতিষ্ঠানের বই বিতরণ কার্যক্রম নিরিভুভাবে মনিটরিং করবেন।

(১২) বই বিতরণে আনুষ্ঠানিকতার নামে জনসমাগম করা যাবে না;

(১৩) শিক্ষার্থী/অভিভাবকদের নিকট হতে বই বিতরণের জন্য কোন প্রকার অর্থ আদায় করা যাবে না।

১৫/১২/২০২০
মো: মিজানুর রহমান
পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫০৭৪৮২৯

ইমেইল: diradminpe@gmail.com

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল);
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল);
৩. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৪) অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা,
রাজশাহী বিভাগ, রাজশাহী



তারিখ: ২৯/১২/২০২০ খ্রিঃ।

স্মারক নং-ডিডি/প্রাই/রাবিরা/এফ-পাঠ্যপুস্তক/ ১৫১ (৭)
কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ৪-

- ০১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী/সিরাজগঞ্জ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/পাবনা/বগুড়া/জয়পুরহাট।
মূল পত্রের নির্দেশনা মোতাবেক তাঁর জেলায় বই বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ৪-

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : উপপরিচালক(বই বিতরণ)।
- ০২। অফিস কপি।

১৫/১২/২০২০
(আবুল কালাম আজাদ)
বিভাগীয় উপপরিচালক।